**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 17-03-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্য নির্বাচন কমিশন এডিসি'র ২৮টি আসনে নির্বাচনের দিনক্ষণ ঘোষণা করেছে। ভোট গ্রহণ আগামী ১৩ই এপ্রিল।**
**(২) রাজ্যপালের ভাষনের উপর আনা ধন্যবাদসূচক প্রস্তাবের উপর আজ বিধানসভায় আলোচনা শুরু হয়েছে।**
**(৩) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন বলেছেন, ২০৩৩ সালের মধ্যে সবাইকে বীমার আওতায় আনতে সরকার কাজ করছে।**
**(৪) নির্বাচন কমিশন ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের জন্য দুই জন পর্যবেক্ষক নিযুক্ত করেছে।**

****************************************

**ADC Election :**

রাজ্য নির্বাচন কমিশনার মনোজ কুমার আজ সন্ধ্যায় এডিসি'র ২৮টি আসনে নির্বাচনী দিনক্ষণ ঘোষণা করেছেন। সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে রাজ্য নির্বাচন কমিশনারের ঘোষিত নির্ঘন্ট অনুযায়ী এডিসি'র ২৮টি আসনে নির্বাচন অনুষ্ঠিত হবে আগামী ১৩ই এপ্রিল। এডিসি নির্বাচনের বিজ্ঞপ্তি জারি করা হবে আগামীকাল। ঐদিন থেকেই মনোনয়নপত্র গ্রহনের প্রক্রিয়া শুরু হবে। মনোনয়নপত্র গ্রহনের শেষ তারিখ ২৫শে মার্চ। পরদিন ২৬শে মার্চ মনোনয়নপত্র স্ক্রুটিনি করা হবে। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন আগামী ২৮শে মার্চ। ১৩ই এপ্রিল সকাল ৭টা থেকে বিকেল ৪টা পর্যন্ত ভোট গ্রহণ করা হবে। ভোট গণনা ১৭ই এপ্রিল। রাজ্য নির্বাচন কমিশনার জানিয়েছেন, আজ নির্বাচনের নির্ঘন্ট ঘোষণার সঙ্গে সঙ্গেই এডিসি এলাকায় নির্বাচনী আচরণবিধি কার্যকর হয়ে গেছে। উল্লেখ্য, এবার এডিসি নির্বাচনে মোট ভোটার ৯ লক্ষ ৬২ হাজার ৬৯৭ জন। এরমধ্যে পুরুষ ভোটার ৪

লক্ষ ৮২ হাজার ২৫ জন। মহিলা ভোটার ৪ লক্ষ ৮০ হাজার ৬৬৬ জন। তৃতীয় লিঙ্গের ভোটার ৬ জন।

**************************

**Assembly-Budget-Ratanlal Nath :**

রাজ্যপালের ভাষনের উপর আনা ধন্যবাদসূচক প্রস্তাবের উপর আজ বিধানসভায় আলোচনা শুরু হয়েছে। আলোচনার সূচনা করে পরিষদীয় মন্ত্রী রতন লাল নাথ বলেন, রাজ্যপাল তার ভাষণে এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা ও বিকশিত ত্রিপুরার সুর বেঁধে দিয়েছেন। রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কাজকর্মের তথ্য বিস্তারিত তুলে ধরে পরিষদীয় মন্ত্রী বলেন, খেলাধুলা, সংস্কৃতি সহ নানাক্ষেত্রে রাজ্যের ছেলেমেয়েরা এগিয়ে যাচ্ছে। বিধায়ক তফাজ্জল হোসেনও রাজ্যপালের ভাষনের প্রশংসা করে বক্তব্য রাখেন।

*****************************

**Assembly-LOP :**

রাজ্যপালের ভাষণের ধন্যবাদসূচক প্রস্তাবের উপর আজ বিধানসভায় আলোচনা করতে গিয়ে বিরোধী দলনেতা জীতেন্দ্র চৌধুরী বলেন, রাজ্যপালের ভাষণে রাজ্যের মূল সমস্যাগুলি প্রতিফলিত হয়নি। রাজ্যের আইন-শৃঙ্খলা উন্নতি হয়েছে দাবি করে রাজ্যপাল যে পরিসংখ্যান দিয়েছেন তার সঙ্গে বাস্তবে কোনো মিল নেই। বিরোধী দলনেতা শ্রী চৌধুরী আরো অভিযোগ করেন, গত ১ বছরে মহিলাদের বিরুদ্ধে ৬৬৭টি অপরাধের ঘটনা ঘটলেও একজন অপরাধীও শাস্তি পায়নি। বিধায়ক বীরজিৎ সিনহা, নির্মল বিশ্বাসও আজ বিধানসভায় রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদসূচক প্রস্তাব রাখেন।

*************************

**Assembly-Electricity :**

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ আজ বিধানসভায় জানিয়েছেন, প্রধানমন্ত্রী সূর্য ঘর মুফত বিজলি যোজনায় চলতি বছরের ফেব্রুয়ারী মাস পর্যন্ত রাজ্যে

মোট ২ হাজার ৩৩৮টি ঘরে সোলার প্যানেল স্থাপন করা হয়েছে। বিধায়ক অশোক চন্দ্র মিত্রের এক প্রশ্নের উত্তরে তিনি একথা জানান।

**************************

**NEP :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় এবং ন্যাশনাল ইনস্টিটিউট অফ এডুকেশনাল প্ল্যানিং অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশনের যৌথ উদ্যোগে আয়োজিত জাতীয় শিক্ষানীতি ২০২০: জ্ঞানভিত্তিক অর্থনীতি তৈরির লক্ষ্যে নীতিগত অনুশীলন' শীর্ষক দুই দিনের জাতীয় আলোচনাচক্রের উদ্বোধন করেন।

বিশ্ববিদ্যালয়ের এমবিবি শতবার্ষিকী ভবনে আয়োজিত কর্মসূচিতে রাজ্যপাল বলেন, এই সেমিনার জাতীয় শিক্ষানীতি ২০২০ বাস্তবায়নের বর্তমান অবস্থা পর্যালোচনা করবে এবং আমাদের অঞ্চলের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলি থেকে উঠে আসা সেরা অনুশীলনগুলিকে চিহ্নিত করবে। শিক্ষাক্ষেত্রে ডিজিট্যাল এবং উন্নত এ.আই প্রযুক্তির, বিশেষ করে রবোটিক্সের অন্তর্ভুক্তি একইসাথে একটি রোমাঞ্চকর সুযোগ এবং বড় চ্যালেঞ্জ বলে তিনি মন্তব্য করেন। অনুষ্ঠানে ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক শ্যামল দাস, ন্যাশনাল ইনস্টিটিউট অফ এডুকেশনাল প্ল্যানিং অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশনের অধ্যাপক ভি.গুপ্তা বক্তব্য রাখেন।

**************************

**Press Meet-DM Unakoti :**

ঊনকোটি জেলাতে রান্নার গ্যাস ও পেট্রোল এবং ডিজেলের কোন সংকট নেই। পর্যাপ্ত পরিমাণে মজুত রয়েছে। আজ কৈলাশহরে এক সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন জেলাশাসক তমাল মজুমদার। তিনি বলেন, কৃত্রিম সংকট ও কালোবাজারির চেষ্টা হলে প্রশাসন কড়া পদক্ষেপ গ্রহণ করবে।

*****************************

**Job Fair :**

ভারত সরকারের ন্যাশনাল কেরিয়ার সার্ভিস প্রকল্পের আওতায় রাজ্যের মডেল কেরিয়ার সেন্টার, ডিস্ট্রিক্ট এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ, আগরতলার ব্যবস্থাপনায় আজ আগরতলা শ্রম ভবন প্রাঙ্গনে জব ফেয়ার অনুষ্ঠিত হয়। ৬টা চাকুরী প্রদানকারী সংস্থা ১৭৮টি পদে নিয়োগের জন্য আজ চাকুরী প্রার্থীদের সাক্ষাৎকার নেওয়া হয়।

*************************

**Congress Press Meet :**

প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে ২০২৬-২৭ অর্থবছরের রাজ্য বাজেটের সমালোচনা করেন। তিনি অভিযোগ করেন, এবারের রাজ্য বাজেটে রাজ্যের উন্নয়নের জন্য কার্যকর কোনও দিক নির্দেশনা নেই। বেকার যুবক যুবতীদের জন্য নতুন করে কর্মসংস্থানের কোনও সুস্পষ্ট পরিকল্পনা বা সুযোগ রাখা হয়নি। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস মুখপাত্র প্রবীর চক্রবর্তী।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**FINANCE MINISTER :**

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন বলেছেন, স্বাস্থ্য বীমা সরকারের অগ্রাধিকার বিষয় এবং ২০৩৩ সালের মধ্যে সবাইকে বীমার আওতায় আনতে সরকার কাজ করছে। আজ রাজ্যসভায় প্রশ্নোত্তর পর্বে তিনি জানান, এজন্য গ্রামীণ এলাকায় পৌঁছানোর একটি বিশাল পরিকল্পনা গ্রহণ করা হয়েছে, যার আওতায় দেশের ২৫,০০০টি গ্রাম পঞ্চায়েতকে স্বাস্থ্য বীমার আওতায় আনা হবে।

তিনি আরও বলেন, সরকার স্বাস্থ্য বীমাকে একটি অগ্রাধিকার ক্ষেত্র হিসেবে বিবেচনা করছে এবং বিশেষ করে গ্রামীণ ভারতে এর প্রসার বাড়াতে একাধিক নীতিগত পদক্ষেপ নিচ্ছে। তিনি জানান, Insurance Regulatory and Development Authority of India (আইআরডিএআই) ২০২৪ সালে এমন নিয়ম জারি করেছে, যার অধীনে গ্রাম পঞ্চায়েতকে বীমা কভারেজ এবং গ্রামীণ দায়বদ্ধতা পরিমাপের মৌলিক একক হিসেবে বিবেচনা করা হবে।

****************************

**All Party Meeting :**

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক ব্রিজেশ পান্ডে ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে অবাধ ও নিরপেক্ষতা বজায় রেখে শান্তিপূর্ণ ভোট সম্পন্ন করার উদ্দেশ্যে সমস্ত রাজনৈতিক দলের প্রতিনিধিদের সহযোগিতার আহ্বান জানান। আজ আগরতলায় রাজ্যের বিভিন্ন জাতীয় ও রাজ্যস্তরীয় স্বীকৃত রাজনৈতিক দলগুলির সঙ্গে বৈঠকে তিনি এই আহ্বান জানান। বৈঠকে বিজেপি, জাতীয় কংগ্রেস, সি.পি.আই(এম), তিপরা মথা ও আই.পি.এফ.টি

দলের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। এই বৈঠকে মুখ্যনির্বাচনী আধিকারিক উপ-নির্বাচনকে কেন্দ্র করে নির্বাচন কমিশনের বিভিন্ন নির্দেশিকা সম্পর্কে রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের অবহিত করেন।

***************************

**Bye-Election :**

উত্তর ত্রিপুরার জেলাশাসক চাঁদনী চন্দ্রন আজ ধর্মনগরে এক সাংবাদিক সম্মেলনে ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের প্রস্তুতি নিয়ে সাংবাদিকদের বিস্তারিত অবহিত করেন। উপ-নির্বাচনের রিটার্নিং অফিসার তথা ধর্মনগরের মহকুমা শাসক দেবযানী চৌধুরী জানিয়েছেন, নির্বাচন কমিশন ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনে নির্বাচন কমিশন সাধারণ পর্যবেক্ষক হিসাবে ডঃ হরিশ কুমার কে এবং পুলিশ পর্যবেক্ষক হিসেবে সতীশ বিনোকে নিযুক্ত করেছে। জেলার পুলিশ সুপার অভিনাশ রাই জানান, অবাধ এবং শান্তিপূর্ণভাবে নির্বাচন সম্পন্ন করতে আরক্ষা প্রশাসনের পক্ষ থেকে সব ধরনের পদক্ষেপ গ্রহণ করা হবে।

***************************

**Baruni Utsab :**

ঊনকোটি জেলা সদর কৈলাশহরে আজ বারুণী স্নান উৎসব ও মেলা অনুষ্ঠিত হয়। কৈলাশহরের মনুনদী তীরবর্তী শতরূপা ঘাটে পূজার্চনা করে শত শত পূর্ণার্থী মনুনদীতে পূণ্য অবগাহন করেন। অনেকেই পিতৃপুরুষের উদ্দেশ্যে তর্পণ ও পিন্ডদান করেন। বারুণী স্নান উপলক্ষে আয়োজিত এক আলোচনাচক্রে বক্তব্য রাখেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায় প্রমুখ।

**************************

**Tripura Commission for Women :**

ও.এন.জি.সি লিমিটেডের সহায়তায় ত্রিপুরা মহিলা কমিশন আজ আগরতলার সুকান্ত একাডেমিতে এক অনুষ্ঠানে ১২০ জন মহিলাকে সেলাই মেশিন প্রদান করে। অনুষ্ঠানে মহিলা কমিশনের চেয়ারপারসন ঝর্ণা দেববর্মা বলেন, মহিলাদের স্ব-নির্ভর করার লক্ষ্যেই এই কর্মসূচি নেওয়া হয়েছে।

*************************

**Assembly-Cricket :**

ভারতের মহিলা ক্রিকেট দল, অনূর্ধ্ব ১৯ ভারতীয় ক্রিকেট দল বিশ্বকাপ বিশ্বকাপ ক্রিকেট প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হওয়ায় আজ রাজ্য বিধানসভার পক্ষ থেকে তাদের অভিনন্দন জানানো হয়েছে। এই অভিনন্দন বার্তায় বলা হয়েছে, তিনটি ক্ষেত্রেই ভারতীয় ক্রিকেটাররা অসামান্য নৈপুণ্য দেখানোয় খেলাধুলার জগতে ভারতের সম্মান আরও বৃদ্ধি পেয়েছে। রাজ্য বিধানসভার ভারপ্রাপ্ত অধ্যক্ষ রামপ্রসাদ পাল অভিনন্দন বার্তা পড়ে শোনান।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯.৫ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

*************************